কালের কণ্ঠ

তারিখ 13 MAR 2015
পৃষ্ঠা ১৮ কলাম ৬

# জাবিতে হলের ক্যান্টিন বন্ধ করলেন ছাত্রলীগ নেতা

**জাবি প্রতিনিধি ▷**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) শহীদ রফিক-জব্বার হলের ক্যান্টিনের মালিক সোহেলকে মারধরের পর ক্যান্টিন বন্ধ করে দিয়েছেন বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের যুগ্ম সম্পাদক মিঠুন কুমার কুণ্ডু।

জাবি সূত্রে জানা গেছে, কয়েক দিন ধরে বন্ধ থাকার পর মঙ্গলবার হল শাখা ছাত্রলীগের সভাপতি নওশাত আলম অনিক ও সাধারণ সম্পাদক লিংকনের কাছে অনুমতি নিয়ে ওই দিন রাত থেকেই ক্যান্টিন চালু করেন মালিক সোহেল। কিন্তু শহীদ রফিক-জব্বার হলের আবাসিক ছাত্র ও বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের যুগ্ম সম্পাদক মিঠুন কুণ্ডুকে না জানিয়ে ক্যান্টিন চালু করা অপরাধ হিসেবে গণ্য করা হয়। মিঠুন কুণ্ডুর নির্দেশে ৪২তম আবর্তনের মাহাবুব (রসায়ন বিভাগ), ইমরান (রসায়ন বিভাগ), রিজভী (ভূ-তাত্ত্বিক বিজ্ঞান), আসিক, বাসুদেবসহ কয়েকজন কর্মী সোহেলকে মারধর করে ক্যান্টিন থেকে বের করে দেন। এরপর থেকে ক্যান্টিনটি বন্ধ থাকায় খাবার নিয়ে বিপাকে পড়েছে হলের প্রায় ৮০০ শিক্ষার্থী।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, গত বুধবার দুপুরে মিঠুন কুণ্ডুর কয়েকজন কর্মী ক্যান্টিনের ভেতরে গিয়ে মালিক সোহেলকে মারধর করে। এ সময় মিঠুন কুণ্ডু ক্যান্টিনের সামনের দোকানে দাঁড়িয়ে ছিলেন। এ ঘটনা হল প্রভোস্টকে জানালে তিনি ক্যান্টিন চালু করতে বলেন। কিন্তু ওই ছাত্রলীগ নেতার ভয়ে সোহেল ক্যান্টিন বন্ধ রেখেছেন বলে জানা গেছে।